তোমরা বাতাসকে গালি দিও না, যখন তোমরা অপছন্দ কিছু দেখ, তখন বলো: হে আল্লাহ, তোমার নিকট এই বাতাস ও তার ভেতরে থাকা কল্যাণ প্রার্থনা করি এবং তোমার নিকট এই বাতাস ও তার ভেতরে থাকা অনিষ্ট এবং তাকে যে অনিষ্টের নির্দেশ করা হয়েছে, তার থেকে পানাহ চাই।

উবাই ইবন কা‘আব রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “তোমরা বাতাসকে গালি
দিও না, যখন তোমরা অপছন্দ কিছু দেখ, তখন বলো: হে আল্লাহ, তোমার নিকট এই বাতাস ও তার ভেতরে থাকা কল্যাণ প্রার্থনা করি এবং তোমার নিকট এই বাতাস ও তার ভেতরে থাকা অনিষ্ট
এবং তাকে যে অনিষ্টের নির্দেশ করা হয়েছে, তার থেকে পানাহ চাই।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাতাসকে গাল-মন্দ করতে নিষেধ করেছেন। কারণ, বাতাস আল্লাহর সৃষ্ট ও তার পক্ষ থেকে নির্দেশিত। অতএব, তাকে গাল-মন্দ করা মানে আল্লাহকে গাল-মন্দ করা এবং তার সিদ্ধান্তের প্রতি অসন্তুষ্টি জানানো। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কল্যাণ প্রার্থনা ও তার অনিষ্ট থেকে মুক্তির জন্যে তার স্রষ্টার দিকে মনোনিবেশ করতে বলেছেন। কারণ, এতেই আল্লাহর দাসত্ব প্রকাশ পায় এবং এটাই তাওহীদ পন্থীদের অভ্যাস।

https://sunnah.global/hadeeth/bn/show/5976